



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
উপ-পুলিশ কমিশনার  
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-০৪/০৬/২০২১খ্রিঃ

### প্রেস নোট

**রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ (ডিবি) পুলিশের সাড়াশি অভিযানে ১০ পিস ইয়াবসহ ১ মাদক ব্যবসায়ী, ০৮ মাদকসেবী ও ৩ জুয়ারিসহ মোট ১২ জন আসামী গ্রেফতার**



গত ০৩/০৬/২০২১ খ্রি. গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি)র সিনিয়র সহকারী পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ ফারুক আহমেদ এর নির্দেশনায় ও অপারেশন পরিকল্পনায় রংপুর মহানগরী এলাকায় মাদক বিরোধী সাড়াশি অভিযান পরিচালনা করে নেশাজাতীয় মাদকদ্রব্য ১০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধারসহ আটক ০১ জন, মাদক সেবনের সরঞ্জামাদিসহ আটক ০৮ জন এবং জুয়ার সরঞ্জামসহ ০৩ জন জুয়ারি আটকসহ মোট ১২ জনকে গ্রেফতার করা হয়।

- গতকাল প্রথম অভিযানে গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ পরিদর্শক (নিঃ) জনাব মোঃ মোতালেব হোসেন এর নেতৃত্বে এসআই (নিঃ) মোঃ গোলাম মোর্শেদ এবং সঙ্গীয় ফোর্সসহ আরপিএমপি রংপুর তাজহাট থানাধীন ২৮ নং ওয়ার্ডস্থ তাজহাট গলাকাটা মোড়সংলগ্ন বর্ণ ভ্যারাইটিজ স্টোর নামক আধাপাকা রাস্তার উপর থেকে নেশাজাতীয় মাদকদ্রব্য ১০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধারসহ আসামী মোঃ সুমন কাজী (৩৩), পিতা- মোঃ মোতালেব কাজী, সাং- তাজহাট উচ্চ স্কুল রোড, থানা- তাজহাট, মহানগর, রংপুর-কে গ্রেফতার করা হয়। পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে তাজহাট থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়।
- গতকাল দ্বিতীয় অভিযানে গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ পরিদর্শক(নিঃ) জনাব মোঃ সালেহ আহম্মদ পাঠান এর নেতৃত্বে এসআই (নিঃ) মোঃ গোলাম মোর্শেদ, এসআই (নিঃ) মোঃ বাবুল ইসলাম, এসআই (নিঃ) তছলিম আহমেদ, এসআই (নিঃ) মোঃ আবু ছাইয়ুম তালুকদার, এসআই (নিঃ)শ্রী স্বপন কুমার রায় এবং সঙ্গীয় ফোর্সসহ রংপুর মহানগরী এলাকায় পৃথক পৃথক অভিযান পরিচালনা করে কোতয়ালী থানাধীন ডিসির মোড়, তাজহাট থানাধীন নালন্দা স্কুল এন্ড কলেজ, দর্শনা বাছিরনোছা উচ্চ বিদ্যালয় এবং আক্কেলপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় বাউন্ডারী প্রাচীর এর ভিতর থেকে নেশা জাতীয় মাদকদ্রব্য গাঁজা সেবনের প্রস্তুতিকালে গাঁজা সেবনের সরঞ্জামাদিসহ ০৮ জন মাদকসেবী ০১। মোঃ ওমর ফারুক (২৪), পিতা- মোঃ আফজাল হোসেন, মাতা- মোছাঃ ফাতেমা বেগম, ০২। মোঃ আমিনুল ইসলাম (৩০), পিতা- মোঃ আঃ জলিল, মাতা- মোছাঃ আলেয়া বেগম, ০৩। মোঃ মহিদুল ইসলাম (৩৫), পিতা- মৃত বাদশা মিয়া, মাতা- মোছাঃ মঞ্জিলা বেগম, ০৪। মোঃ মাসুম মিয়া (৩০), পিতা- মোঃ হাফিজুর রহমান, মাতা- মোছাঃ মর্জিনা খাতুন, ০৫। শ্রী রমেশ পাহাড়ী, পিতা- মৃত রামু পাহাড়ী, মাতা- লক্ষী পাহাড়ী, সর্ব সাং- বিনোদপুর, ওয়ার্ড নং- ১৫, সর্বথানা- তাজহাট, রংপুর মহানগর, রংপুর, ০৬। মোঃ তৌফিকুল ইসলাম @ রিংকু (৩৪), পিতা- মৃত সাদেক আলী আহম্মদ, সাং- গোমস্তাপাড়া, ০৭। মোঃ আবুল কালাম আজাদ (৩৮), পিতা- মৃত মানিক মিয়া, সাং- উত্তর মুন্সীপাড়া ও ০৮। শ্রী বাবু দাস (৩৫), পিতা- শ্রী মিশ্রিলাল, সাং- শাপলা চত্বর, সর্ব থানা- কোতয়ালী, রংপুর মহানগর, রংপুরকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে কোতয়ালী থানা ও তাজহাট থানায় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়।
- গতকাল তৃতীয় অভিযানে গোপন সংবাদের ভিত্তিতে সহকারী পুলিশ কমিশনার জনাব মোঃ ফারুক আহমেদ এর নেতৃত্বে এসআই (নিঃ) বাবুল ইসলাম, এস আই ( নিঃ) স্বপন কুমার রায়,এস আই আবু ছাইয়ুম তালুকদার, এস আই আই এইচ লাকু সরকার এবং সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ আরপিএমপি রংপুর কোতয়ালী থানাধীন রংপুর স্টেশন এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করিয়া জুয়ার সরঞ্জামাদি তাস ও জুয়ার বোর্ডে ৫৭০০টাকা সহ ৩ জন জুয়ারি ০১। মোঃ আসাদুজ্জামান কাঞ্চন (৪৩), পিতা- মৃত আজাদুজ্জামান সাং- আরডিসিএস রোড আলমনগর, ০২। মোঃ রুবেল (৪২), পিতা- মৃত জালাল উদ্দিন আহমেদ, সাং-রবার্টসনগঞ্জ, ০৩। মোঃ রিয়াজ আহমেদ, পিতা - মৃত সিরাজ উদ্দিন, সাং- বাবুপাড়া, সর্ব থানা- কোতয়ালী, রংপুর মহানগর, রংপুর-কে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে কোতয়ালী থানায় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়।।

০৪.০৬.২০২১  
(মোঃ ফারুক আহমেদ)  
সহকারী পুলিশ কমিশনার  
(ডিবি এন্ড মিডিয়া)  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর  
মোবাইল-০১৩২০-০৭৩৬৭২